গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(আয়কর)

এসআরও নং ২১৮-আইন/আয়কর/২০১২, তাং ২৭-০৬-২০১২ দ্বারা এসআরওটি সংশোধীত।

প্রজ্ঞাপন

তারিখ, ২৮ পৌষ, ১৪১৮ বঙ্গাব্দ/১১ জানুয়ারী, ২০১২ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ২১-আইন/আয়কর/২০১২।—Income-tax Ordinance, 1984 (XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে, সরকার ১লা জুলাই, ২০১১খ্রিঃ হইতে ৩০শে জুন, ২০১২খ্রিঃ পর্যন্ত সময়কালে বাংলাদেশের যে কোন স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানীর শেয়ার বা মিউচ্যুয়াল ফান্ড ইউনিট ক্রয়ে বৈধ উপায়ে অর্জিত কর অনারোপিত আয়, পাবলিক লিমিটেড কোম্পানী ব্যতীত অন্য কোন শ্রেণীর করদাতাগণ কর্তৃক বিনিয়োগ করা হইলে, উক্ত বিনিয়োগকৃত আয়ের উপর নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে প্রদেয় আয়করের হার হ্রাস করিয়া ১০% এ নির্ধারণ করিল, যথা:-

(ক) উক্ত ১০% হারে কর প্রদানের লক্ষ্যে ১৫ই জুলাই, ২০১২ খ্রিঃ তারিখের মধ্যে সংশ্লিষ্ট উপ-কর কমিশনারের নিকট সংযুক্ত ছকে কর অনারোপিত আয় বিনিয়োগ সংক্রান্ত ঘোষণা প্রদান করিতে হইবে;

(খ) দফা (ক) এর অধীন ঘোষিত বিনিয়োগ শুধুমাত্র আয়কর নির্ধারণের জন্য ব্যাখ্যায়িত বলিয়া গণ্য হইবে;

(গ) দফা (ক) এর অধীন ঘোষণাপত্রের সাথে ১০% হারে কর পরিশোধের সমর্থনে পে-অর্ডার এর কপি, বিনিয়োগের সমর্থনে পোর্ট ফোলিও স্টেটমেন্ট ও বেনিফিসিয়ারী ওনার্স (বি.ও) এ্যাকাউন্ট এর লেজারের কপি সংযোজন করিতে হইবে;

(ঘ) উক্ত বিনিয়োগকৃত অর্থ আগামী ৩০-০৬-২০১৩ খ্রিঃ তারিখের মধ্যে উত্তোলন বা অন্যত্র স্থানান্তর করা যাইবে না;

(ঙ) অন্য কোন আইনে বর্ণিত অপরাধ সংঘটনের মাধ্যমে অর্জিত আয়ের ক্ষেত্রে এই প্রজ্ঞাপনে বর্ণিত সুবিধা প্রযোজ্য হইবে না; এবং

(চ) ৩০শে জুন, ২০১১ খ্রিঃ তারিখের মধ্যে কাহারো কর ফাঁকি উদ্‌ঘাটিত হইলে এবং উক্ত Ordinance এর Section 93 অনুযায়ী কার্যক্রম গৃহীত হইলে তাহার ক্ষেত্রে এই প্রজ্ঞাপনের সুবিধা প্রযোজ্য হইবে না:

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

Scanned with CamScanner

ছক

কর অনারোপিত আয় বিনিয়োগের ঘোষণাপত্র

(১) করদাতার নাম ও ঠিকানা : .....
.....
.....

(২) টিআইএন : .....

(৩) সার্কেলের নাম ..... : কর অঞ্চলের নাম: .....

(৪) বিনিয়োগের পরিমাণ (বিনিয়োগের স্বপক্ষে পোর্ট ফোলিও স্টেটমেন্ট ও বেনিফিসিয়ারী ওনার্স (বিও) এ্যাকাউন্ট এর লেজারের কপি সংযুক্ত করিতে হইবে) : (অংকে).....
(কথায়).....
.....

(৫) পরিশোধিত আয়কর : .....
(ক) পরিমাণ : (অংকে).....
(কথায়).....

(খ) পে-অর্ডার নং : .....
ব্যাংক: .....
শাখা: ..... তারিখ: .....

করদাতার নাম ও স্বাক্ষর

তারিখ:

২। এইরূপ ঘোষণা দাখিল করা হইলে সংশ্লিষ্ট উপ-কর কমিশনার নিম্নলিখিত ছক অনুযায়ী ঘোষণা প্রদানকারীকে প্রাপ্তি স্বীকারপত্র প্রদান করিবেন:

ছক

প্রাপ্তি স্বীকারপত্র

রেজিস্টারের ক্রমিক নং ..... তারিখ: .....

নাম: .....

ঠিকানা: .....

টিআইএন : | | | | | | | | | | | | |

এর নিকট হইতে নির্ধারিত ছকে এস,আর,ও নং.....
আইন/আয়কর/২০১২ তারিখ ...../০১/২০১২ইং অনুসারে ..... টাকা কর অনারোপিত আয় বিনিয়োগের ঘোষণাপত্র ও উহার জন্য ..... টাকা আয়কর

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

Scanned with CamScanner

পরিশোধ সংক্রান্ত পে-অর্ডার নং ..... তারিখ: ....., ব্যাংকের নাম ও শাখা: ..... বুঝিয়া পাইলাম।

উপ-কর কমিশনার
সার্কেল: .....
কর অঞ্চল: .....

সীল

৩। ২২ আষাঢ়, ১৪১৮ বঙ্গাব্দ মোতাবেক ৬ জুলাই, ২০১১ খ্রিস্টাব্দ তরিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ২৩৭-আইন/আয়কর/২০১১ এতদ্বারা বাতিল করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
সৈয়দ মোঃ আমিনুল করিম
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

সংশোধনী এস,আর,ও-টি ৩২৬ নং পৃষ্ঠায় দেখুন।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

S.R.O. No. 21/2012 · unofficial copy for study · Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

Scanned with CamScanner